দৈনিক খবর

5

তারিখ 02 NOV 1991
পৃষ্ঠা ১ কলাম ৭

১৪

**সন্ত্রাস দমনে ব্যর্থতার অভিযোগে**

# আজ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের কর্মবিরতি

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

আজ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের কর্মবিরতি শুরু হচ্ছে। অধ্যাপক আনোয়ার উল্লা'র সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষক সমিতির এক জরুরী সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

গত বুধবার শিক্ষক সমিতির এক সভায় ক্যাম্পাসে সন্ত্রাস বন্ধে সরকার কোন কার্যকর ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হলে শিক্ষকবৃন্দ কর্মবিরতি পালনের সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন। গতকাল শুক্রবার পর্যন্ত সে সময়সীমা পেরিয়ে গেলে আজ থেকে তারা কর্মবিরতির সিদ্ধান্ত নেন।

শিক্ষকবৃন্দ বিভিন্ন তথ্য নিয়ে আলোচনা করে সন্ত্রাস বন্ধের কোন

*শেষ পৃষ্ঠায় ২য় কলামে*

## আজ থেকে ঢাকা

*প্রথম পৃষ্ঠার পর*

কার্যকর পদক্ষেপের নিশ্চয়তা না পাওয়ায় আজ থেকে কর্মবিরতি শুরু করছেন।

কর্মবিরতির আওতায় পরীক্ষা ও ক্লাসসমূহও পড়বে। এ কারণেই গত বৃহস্পতিবার সিন্ডিকেটের জরুরী সভায় শিক্ষক সমিতির সাথে আলোচনা করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা ও ক্লাসসমূহ আগামী ৭ই নভেম্বর পর্যন্ত স্থগিত ঘোষণা করা হয়। পুনরায় শিক্ষক সমিতির সাথে আলোচনা করে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা ও ক্লাসসমূহ চালু করার সিদ্ধান্ত নেয়া হবে।